৪৩ তম BCS প্রিলি

ফুল কোর্স

বাংলাদেশ বিষয়াবলি

লেকচার: ১৪

Topic:

বাংলাদেশের জাতীয় অর্জন, বিশিষ্ট ব্যক্তিত্ব, গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহ, জাতীয় পুরস্কার, বাংলাদেশের খেলাধুলা ও চলচ্চিত্র ও গণমাধ্যম সংশ্লিষ্ট বিষয়াদি।








উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

বাংলাদেশ বিষয়াবলি-১৪



বাংলাদেশের জাতীয় অর্জন

ক্ষুদ্র আয়তনের একটি উন্নয়নশীল দেশ হয়েও বাংলাদেশ ইতোমধ্যে সারা বিশ্বের নিকট-প্রাকৃতিক দুর্যোগের নিবিড় সমন্বিত ব্যবস্থাপনা, ক্ষুদ্র ঋণের ব্যবহার এবং দারিদ্র্য দূরীকরণে তার ভূমিকা, জনবহুল দেশে নির্বাচন পরিচালনায় স্বচ্ছতা আনয়ন, বৃক্ষরোপণ, সামাজিক ও অর্থনৈতিক সূচকের ইতিবাচক পরিবর্তন প্রভৃতি ক্ষেত্রে অনুকরণীয় দৃষ্টান্ত হয়ে দাঁড়িয়েছে। কিছু কিছু ক্ষেত্রে বিশ্বকে চমকে দেবার মতো সাফল্য আছে বাংলাদেশের। বিশেষত শিক্ষা সুবিধা, নারীর ক্ষমতায়ন, মাতৃ ও শিশু মৃত্যুহার ও জন্মহার কমানো কার্যক্রম অন্যতম।

শিক্ষা খাতে অর্জন

- বর্তমানে দেশের স্বাক্ষরতার হার ৭৪.৪%
- প্রতিটি উপজেলায় সরকারি কলেজ স্থাপনের লক্ষ্যে তিন শতাধিক কলেজকে জাতীয়করণের কার্যক্রম শুরু।
- শতভাগ ছাত্রছাত্রীর মাঝে মাধ্যমিক পর্যন্ত বিনামূল্যে বই বিতরণ কার্যক্রম।
- নারী শিক্ষাকে এগিয়ে নেবার জন্য স্নাতক (ডিগ্রি) বা সমমান পর্যায় পর্যন্ত উপবৃত্তি ব্যবস্থা চালু।
- ২৬ হাজার ১৯৩টি প্রাথমিক বিদ্যালয়কে নতুন করে জাতীয়করণ।
- বিদ্যালয়ে ভর্তি হওয়া শিশুর শতকরা হার ৯৯ ভাগে উন্নীত।
- "শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২' ও শিক্ষা সহায়তা ট্রাস্ট গঠন'।
- জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) ৫টি ক্ষুদ্র নৃগোষ্ঠীর (চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও ওঁরাও) মাতৃভাষায় পাঠ্যপুস্তক প্রণয়ন ও প্রকাশ করেছে।

বাংলাদেশের জাতীয় অর্জন

শিল্প ও বাণিজ্য খাতে অর্জন

- বাংলাদেশের রপ্তানি পণ্যের তালিকায় যোগ হয়েছে জাহাজ, ওষুধ এবং বিভিন্ন প্রক্রিয়াজাত খাদ্যসামগ্রী।
- দেশের অভ্যন্তরেই বর্তমানে প্রায় ২৫ হাজার কোটি টাকার উৎপাদন, ২ লাখ মানুষের কর্মসংস্থান এবং বিশ্বের ১৬০টি দেশে বাংলাদেশের ওষুধ রপ্তানি হচ্ছে।
- ২০১৬ সালে সর্বোচ্চ মান পেয়ে বিশ্ব সেরা কারখানার মর্যাদা লাভ করে-রেমি হোল্ডিংস লিমিটেড।
- জিডিপিতে শিল্প খাতের অবদান এখন ৩৫ দশমিক ৩৬ শতাংশ, যা তার আগের অর্থবছর ছিল ৩৫ শতাংশ।

বাংলাদেশের জাতীয় অর্জন

ডিজিটাল বাংলাদেশ গঠন

- বিশ্বের ৫৭তম দেশ হিসেবে বাংলাদেশ ১১ মে ২০১৮ প্রথমবারের মতো 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' মহাকাশে উৎক্ষপণ করে।
- প্রায় ৪৫০০টি ইউনিয়ন পরিষদে স্থাপন করা হয়েছে ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র।
- অনলাইনে দ্রুত তথ্য প্রাপ্তির জন্য বাংলাদেশে তৈরি করা হয়েছে বিশ্বের অন্যতম বিশাল ন্যাশনাল ওয়েব পোর্টাল।
- বর্তমানে বাংলাদেশে মোবাইল গ্রাহকের সংখ্যা প্রায় ১৪.৭০ কোটি এবং ইন্টারনেট গ্রাহকের সংখ্যা প্রায় ৮ কোটির বেশি।
- ৮ হাজার ডাকঘরে স্থাপন করা হয়েছে ডিজিটাল সেন্টার। এছাড়া দেশের নানাপ্রান্তে আরো ৫ হাজার ডিজিটাল সেন্টার স্থাপিত হয়েছে। এই সার্ভিস সেন্টারের মাধ্যমে ২০০টির বেশি সরকারি সেবা পাচ্ছে প্রান্তিক পর্যায়ের মানুষ।
- রপ্তানি খাতে আইটি শিল্পের অবদান দিন দিন বৃদ্ধি পাচ্ছে।
- বাংলাদেশের তৈরি প্রথম ন্যানো স্যাটেলাইটের নাম- ব্র্যাক অন্বেষা।
- বাংলাদেশর প্রথম ডিজিটাল জেলা- সিলেট।
- ২০০৯ সালের ১৭ নভেম্বর বাংলাদেশ সরকার কর্তৃক ই-পুর্জি চালু করা হয় এবং এর মাধ্যমে চিনি কলের আখচাষীদের স্বল্প সময়ে পুর্জি প্রাপ্তিতে ব্যাপক সাফল্য পরিলক্ষিত হয়। চিনিকল এলাকার সব চাষির জন্যই সময়মতো আখ বিক্রি করতে পারাটা খুব গুরুত্বপূর্ণ। এর জন্য প্রয়োজনীয় চিনিকল কর্তৃপক্ষের দেওয়া অনুমতিপত্রকেই বলে পুর্জি।

বাংলাদেশের জাতীয় অর্জন

শিশু উন্নয়নে অর্জন:

- সারা দেশে ১৫টি শিশুবিকাশ কন্দ্র স্থাপন করা হয়েছে যাতে দুঃস্থ, এতিম, অসহায় পথশিশুদের সার্বিক বিকাশ ঘটে। এছাড়াও স্বাস্থ্য মন্ত্রণালয় আরো ১১ টি সেন্টার স্থাপনের কাজ শুরু করেছে এবং ভবিষ্যতে প্রতিটি জেলায় এর কার্যক্রম শুরু করার পরিকল্পনা রয়েছে।
- জাতীয় শিশু নীতি-২০১১ প্রণয়নের মাধ্যমে বাংলাদেশের সংবিধান ও আন্তর্জাতিক সনদসমূহের আলোকে শিশু অধিকার নিশ্চিতকরণ, কন্যা শিশুর প্রতি সকল প্রকার নির্যাতন ও বৈষম্য দূরীকরণ এবং শিশুর সার্বিক সুরক্ষা নিশ্চিত করা হয়।
- নির্যাতনের শিকার নারী ও শিশুদের প্রয়োজনীয় সকল সেবা একস্থান থেকে প্রদানের উদ্দেশ্যে ৪০টি জেলায় সদর হাসপাতাল এবং ২৯ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার (OCC) স্থাপন করা হয়েছে।

বাংলাদেশের জাতীয় অর্জন

নারী উন্নয়নে অর্জন

- নারীর সার্বিক উন্নয়নের জন্য প্রণয়ন করা হয়েছে জাতীয় নারী উন্নয়ন নীতিমালা-২০১১'।
- ৪০টি জেলায় সদর হাসপাতাল এবং ২৯ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্থাপন করা হয়েছে ওয়ান স্টপ ক্রাইসিস সেল।
- তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দেশের নারী ও শিশুর উন্নয়নে ভূমিকা রাখার জন্য মাননীয় প্রধানমন্ত্রী জাতিসংঘের সাউথ-সাউথ এওয়ার্ডে ভূষিত।

নারীর ক্ষমতায়নে অর্জন

- বর্তমানে দেশে ৬২ শতাংশ নারী আয়বর্ধক কাজে জড়িত, যা দক্ষিণ এশিয়ায় সর্বোচ্চ।
- ক্ষুদ্রঋণ, বাংলাদেশের গ্রামীণ উন্নয়নে ও নারীর ক্ষমতায়নে অভূতপূর্ব অবদান রেখেছে।
- রাজনীতি, অর্থনীতি, প্রশাসন, শিক্ষা, সামরিক বাহিনীতে নারীদের অংশগ্রহণ আশাব্যঞ্জক।
- প্রধানমন্ত্রী, বিরোধীদলীয় নেতা আর সংসদের স্পিকার তিনজনই নারী, যা নারীর ক্ষমতায়নের উজ্জ্বল দৃষ্টান্ত।
- বর্তমানে ২ কোটি নারী কৃষি, শিল্প ও সেবা খাতে নিয়োজিত এবং ৩৫ লাখেরও বেশি নারী তৈরি পোষাক খাতে কাজ করছেন, যা বাংলাদেশের বৃহত্তম রপ্তানি আয়ের ক্ষেত্র।
- এ পর্যন্ত প্রায় ১ হাজার নারী সেনা ও পুলিশ কর্মকর্তা জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে দায়িত্ব পালন করেছেন।
- ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের জেন্ডার গ্যাপ ইনডেক্স অনুসারে, বাংলাদেশ নারীদের সামগ্রিক ক্ষমতায়নে দক্ষিণ এশিয়ায় নেতৃত্ব দানকারী দেশ হিসেবে ১৪৯টি দেশের মধ্যে বিশ্বব্যাপী ৫ম স্থানে রয়েছে।

বাংলাদেশের জাতীয় অর্জন

প্রবাসী শ্রমিকদের উন্নয়নে অর্জন

- বিশ্বের ১৫৭টি দেশে বাংলাদেশের ৮৬ লক্ষেরও অধিক শ্রমিক কর্মরত আছে।
- সল্প সুদে অভিবাসন ঋণ প্রদানের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপন করে দেশের ৮টি বিভাগীয় শহরে এর ৫৪টি শাখা স্থাপন করা হয়েছে।

স্বাস্থ্যসেবায় সাফল্য

- স্বাস্থ্যখাতকে যুগোপযোগী করতে 'জাতীয় স্বাস্থ্য নীতিমালা-২০১১' প্রণয়ন।
- তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ১৩,৯০৭ টি কমিউনিটি ক্লিনিক চালু।
- ২৭৫টি উপজেলা হাসপাতালকে উন্নীত করা হয়েছে ৫০ শয্যায়।
- নবজাতক মৃত্যুর হার প্রতি হাজারে ২১ (২০২০)-এ নেমে এসেছে যা ২০০০ সালে ছিল ৪২.৬।
- দেশের ৬৫% মানুষকে অত্যাবশ্যকীয় ঔষধ সুবিধার আওতায় আনা হয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে।
- মাতৃমৃত্যুর হার এখন প্রতি এক লাখে ১৭৬ জন যা ২০০০ সালে ছিল ৩৯৯ জন।

বাংলাদেশের জাতীয় অর্জন

কৃষিতে কৃতিত্ব এবং খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন

- ১৬ কোটি ৯১ লাখ ১ হাজার জনসংখ্যার বাংলাদেশ বর্তমানে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ।
- বাংলাদেশের ধানের উৎপাদন বেড়েছে প্রায় ২৬ লক্ষ মেট্রিক টন।
- বাংলাদেশের বিজ্ঞানী ড. মাকসুদুল আলম আবিষ্কার করেছেন পাটের জিনোম সিকুয়েন্সিং।
- ফসলের জাত উৎপাদনে বাংলাদেশ প্রথম।
- মাছ উৎপাদনে বাংলাদেশ পঞ্চম। সাদপানির মাছে উৎপাদন বাড়ানোর হারে দ্বিতীয় স্থানে উঠে এসেছে।
- চাল উৎপাদনে বাংলাদেশের অবস্থান- চতুর্থ।
- কাঁচা শাক-সবজি উৎপাদনে বাংলাদেশের অবস্থান তৃতীয়।

বিদ্যুৎ খাতে সাফল্য

- নবায়নযোগ্য জ্বালানিসহ বিদ্যুৎ সুবিধার আওতায় রয়েছে দেশের মোট জনসংখ্যার ৯৯%।
- বর্তমানে দেশে বিদ্যুৎ-এর গ্রাহক সংখ্যা ৩.৮৯ কোটি।
- মাথাপিছু বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ৫১২ কিলোওয়াট ঘণ্টায় উন্নীত।
- বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২৫,২৩৫ মেগাওয়াটে উন্নীত (২০২০ পর্যন্ত)। [সূত্র : powerdivision.gov.bd]

বাংলাদেশের জাতীয় অর্জন

সামাজিক নিরাপত্তা খাতে বাংলাদেশের অর্জন

- হতদরিদ্রদের জন্য সামাজিক নিরাপত্তা বেষ্টনী বিস্তৃত করতে বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যক্ত ও দুঃস্থ মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, মাতৃত্বকালীন ভাতাসহ ভাতার হার ও আওতা ব্যাপকভাবে বৃদ্ধি করা হয়েছে।
- ২০০৮-২০০৯ সালে এই খাতে মোট বরাদ্দ ছিল ১৩ হাজার ৮৪৫ কোটি টাকা, বর্তমানে (২০২০-২০২১) এ কার্যক্রমের বরাদ্দের পরিমাণ ৯৫ হাজার ৫৭৪ কোটি টাকা। ২০২১-২০২২ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সামাজিক নিরাপত্তাখাতে ১,০৭,৬২৪ কোটি টাকা (প্রস্তাবিত)।
- মোট জনসংখ্যার প্রায় ২৪.৫% জনগণ সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতাভুক্ত।

ভূমি ব্যবস্থাপনায় অর্জন

- ভুমি ব্যবস্থাপনাকে আধুনিকায়ন করতে ৫৫টি জেলায় বিদ্যমান মৌজা ম্যাপ ও খতিয়ান কম্পিউটারাইজেশন-এর কাজ সম্পন্ন করা হয়েছে।
- ভূমির পরিকল্পিত ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে মোট ২১টি জেলার ১৫২টি উপজেলায় ডিজিটাল ল্যান্ড জোনিং ম্যাপ সংবলিত প্রতিবেদন প্রণয়ন।
- প্রণীত হয়েছে, "কৃষি জমি সুরক্ষা ও ভুমি ব্যবহার আইন" [সুত্র: ভূমি অফিস]

মন্দা মোকাবিলায় সাফল্য

- মন্দার প্রকোপে বিশ্ব অর্থনীতি যখন বিপর্যস্ত ছিল বাংলাদেশ তখন বিভিন্ন উপযুক্ত প্রণোদনা প্যাকেজ ও নীতি সহায়তার মাধ্যমে মন্দা মকাবিলায় শুধু সক্ষমই হয়নি, জাতীয় প্রবৃদ্ধির হার গড়ে ৭.৪ শতাংশে বজায় রাখতে সক্ষম হয়েছে।
- বিশ্ব অর্থনীতির শ্লথ ধারার বিপরীতে আমদানি-রপ্তানি খাতে প্রবৃদ্ধি বাড়ার পাশাপাশি বেড়েছে রেমিট্যান্সের পরিমাণ।
- ঋণ পরিশোধে সক্ষমতার মানদণ্ডে ফিলিপাইন, ইন্দোনেশিয়া ও ভিয়েতনামের সমকক্ষতা অর্জন করেছে।

বাংলাদেশের জাতীয় অর্জন

LDC ও বাংলাদেশ

- জাতিসংঘ অর্থনৈতিক ও সামাজিক কাউন্সিল (ECOSOC) তিনটি সূচকের ভিত্তিতে বিশ্বের দেশসমূহকে ৩টি ক্যাটাগরিতে ভাগ করে থাকে। স্বল্পোন্নত, উন্নয়নশীল ও উন্নত দেশ। ECOSOC এই বিভাগের ধারণা দেওয়া হয় ১৯৭১ সালে।
- স্বল্পোন্নত দেশ বা Least Developed Countries (LDC) সূচক দেয়া হয়- ৩ বছর পর পর।
- ১৬ মার্চ, ২০১৮ তারিখে প্রকাশিত জাতিসংঘের CDP রিপোর্ট অনুযায়ী ৩টি দেশ প্রাথমিক ভাবে LDC মুক্ত হবার যোগ্যতা অর্জন করেছে। দেশ ৩টি হলো- ১. বাংলাদেশ, ২. মিয়ানমার, ৩. লাওস। সবকিছু ঠিক থাকলে বাংলাদেশ ২০২৪ সালে LDC থেকে আনুষ্ঠানিকভাবে মুক্তি পাবে। বাংলাদেশ LDC দেশভুক্ত হয়- ১৯৭৫ সালে।
- এলডিসি মুক্ত হলে বাংলাদেশ পাবে না- ৩টি সুবিধা। ১. জিএসপি সুবিধা ২. সহজ শর্তে ঋণ ৩. কপিরাইট সুবিধা।
- এলডিসিভুক্ত দেশগুলো পেয়ে থাকে বাণিজ্য সুবিধা।
- বর্তমান LDC ভুক্ত দেশ- ৪৭টি।

বাংলাদেশের জাতীয় অর্জন

এলডিসি মুক্ত হতে যেসকল শর্ত পালন করতে হয়

শর্ত	আদর্শ মান	জাতিসংঘের মতে বাংলাদেশের অর্জন
তিন বছরের মাথাপিছু গড় আয়	১২৩০ ডলারের বেশি	১২৭২ ডলার
মানবসম্পদ উন্নয়ন সূচক মান	৬৬ বা তার বেশি	৭২.৮
অর্থনৈতিক ভঙ্গরতা সূচক	৩২ বা তার কম	২৫.১

জাতিসংঘের সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা বা Millennium Development Goals

(MDGs) হলো স্বল্পোন্নত দেশগুলোর দিক নির্দেশনা দলিল। ২০০০ সালের ৬-৮ সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদের ৫৫তম অধিবেশনে গৃহিত হয়। MDGs এর মেয়াদকাল ছিলো- ২০০১-২০১৫। এর লক্ষ্য ছিলো ৮টি। বাংলাদেশ MDGs ২০১০ পুরস্কার লাভ করে শিশুর মৃত্যুর হার হ্রাসের জন্য। বাংলাদেশ LDC ভুক্ত দেশের মধ্যে MDGs অর্জনে শীর্ষ দেশ নির্বাচিত হয়েছে।

বাংলাদেশের জাতীয় অর্জন

বাংলাদেশ ও বহির্বিশ্ব

- বাংলাদেশের কূটনীতির মূলমন্ত্র সকলের সাথে বন্ধুত্ব কারো সাথে শত্রুতা নয়।
- বাংলাদেশে নিযুক্ত বর্তমান মার্কিন রাষ্ট্রদূত- আর্ল মিলার।
- বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার - রবার্ট চ্যাটারটন ডিকসন।
- ভারতের সাথে ছিটমহল সমস্যার সমাধান হয় ১ আগস্ট ২০১৫ (৩১ জুলাই ২০১৫ মধ্যরাতে)।
- বাংলাদেশ প্রথম যে সংস্থার সদস্যপদ লাভ করে- কমনওয়েলথ।
- বাংলাদেশ ওআইসি'র সদস্যপদ (৩২তম) লাভ করে দ্বিতীয় শীর্ষ সম্মেলনে যা অনুষ্ঠিত হয়- ২২-২৪ ফেব্রুয়ারি ১৯৭৪; লাহোর (পাকিস্তান)। বাংলাদেশের সাথে গ্যাবন, গাম্বিয়া, গিনি বিসাউ, উগান্ডা এচারটি দেশও সদস্যপদ লাভ করে। সদস্য দেশসমূহের নামের আদ্যক্ষর অনুসারে বাংলাদেশ ৩২তম সদস্যপদ লাভ করে।
- ভূমধ্যসাগরে টহলরত বাংলাদেশ নৌবাহিনীর জাহাজ ওসমান ও মধুমতি।

বাংলাদেশের নামে বিশ্বে বিভিন্ন স্থান ও স্থাপনা	
বাংলাদেশ স্কয়ার	লাইবেরিয়া
বাংলাদেশ স্ট্রিট	আইভরি কোস্ট
বাংলাদেশ ভবন	পশ্চিমবঙ্গ, ভারত
বাংলাদেশ ভিলেজ	কাশ্মীর, ভারত
লিটল বাংলাদেশ	আর্মেনিয়া ও যুক্তরাষ্ট্র

বাংলাদেশের জাতীয় অর্জন

বাংলাদেশের সমুদ্র জয়

- মিয়ানমারের বিরুদ্ধে সমুদ্রসীমা নিয়ে International Tribunal for the Law of Sea (ITLOS) এর রায় হয়- ১৪ মার্চ, ২০১২ সালে।
- ভারতের বিরুদ্ধে সমুদ্রসীমা নিয়ে Permanent Court of Arbitration (PCA) স্থায়ী সালিশি আদালত এর রায় হয়-৭ জুলাই, ২০১৪।
- এর ফলে সমুদ্রে বাংলাদেশের মোট অর্জন হয়েছে-১,১৮,৮১৩ বর্গ কিলোমিটার।
- জাতিসংঘের সমুদ্র বিষয়ক আইন অনুযায়ী- রাজনৈতিক সীমা/উপকূলীয় সীমা - ভিত্তি রেখা থেকে ১২ নটিক্যাল মাইল, অর্থনৈতিক সীমা/Exclusive Economic Zone - ভিত্তি রেখা থেকে ২০০ নটিক্যাল মাইল। মহীসোপান/Continental Shelf - ভিত্তি রেখা থেকে ৩৫০ নটিক্যাল মাইল। তবে বাংলাদেশের মহীসোপান ৩৫৪ নটিক্যাল মাইল। [Note: ১ নটিক্যাল মাইল = ১.৮৫২ কিলোমিটার]

বাংলাদেশের জাতীয় অর্জন

জাতিসংঘ ও বাংলাদেশ

- বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর ২৯তম সাধারণ অধিবেশনে ১৩৬ তম সদস্য হিসেবে।
- বাংলাদেশের সাথে জাতিসংঘের সদস্য পদ লাভ করে-গ্রানাডা (১৩৭তম), গিনি বিসাউ (১৩৮তম)।
- বাংলাদেশের জাতিসংঘ সদস্যপদ লাভের বিরুদ্ধে ভেটো দেয়- চীন (১৯৭২ সালে)।
- ২৮তম অধিবেশন চলাকালে ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ বঙ্গবন্ধু জাতিসংঘের সাধারণ পরিষদে বাংলায় প্রথম ভাষণ দেন।
- ১৯৮৬ সালে জাতিসংঘের সাধারণ পরিষদের ৪১তম অধিবেশনে বাংলাদেশ প্রথম সভাপতিত্ব করেন। বাংলাদেশের পক্ষে সভাপতিত্ব করেন হুমায়ুন রশীদ চৌধুরী।
- বাংলাদেশ নিরাপত্তা/স্বস্তি পরিষদের অস্থায়ী সদস্য নির্বাচিত হয় ২ বার। ১৯৭৮ সালে (১৯৭৯-৮০ মেয়াদে) এবং ১৯৯৯ সালে (২০০০-০১) মেয়াদে।

বাংলাদেশের জাতীয় অর্জন

- জাতিসংঘে বাংলাদেশের ১ম স্থায়ী প্রতিনিধি জনাব এস.এ. করিম। বর্তমান স্থায়ী প্রতিনিধি রাবাব ফাতিমা।
- জাতিসংঘে বাংলাদেশর চাঁদার হার জাতিসংঘের বাজেটের ০.০১%।
- জাতিসংঘভুক্ত ১৯৩টি দেশের মধ্যে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক রয়েছে-১৫৪টি দেশের সাথে।
- বাণিজ্যিক সম্পর্ক আছে কিন্তু কূটনৈতিক সম্পর্ক নেই এমন একটি দেশ হলো- তাইওয়ান।
- বাংলাদেশের সাথে বাণিজ্যিক ও কূটনৈতিক কোন সম্পর্ক নেই- ইসরাইলের সাথে।
- বিদেশে বাংলাদেশের মোট ৫৮টি দেশে ৭৭টি মিশন আছে । একাধিক মিশন রয়েছে - ১১টি দেশে (সর্বাধিক ৫টি - ভারতে)।
- দক্ষিণ এশিয়ার দেশ আফগানিস্তানে বাংলাদেশের কোন মিশন নেই (বাংলাদেশে দক্ষিণ এশিয়ার সব দেশের মিশন আছে)।
- দক্ষিণ পূর্ব এশিয়ার ৩টি দেশে বাংলাদেশের মিশন নেই যথাক্রমে - লাওস, কম্বোডিয়া ও পূর্ব তিমুর।
- জাতিসংঘে স্থায়ী মিশন - ২টি। যথা: (১) নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র, (২) জেনেভা, সুইজারল্যান্ড
- দারিদ্র্য বিমোচনে সাফল্য অর্জনের জন্য জাতিসংঘ কর্তৃক বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করা হয়- ২০১৩ সালের সেপ্টেম্বরে।

বাংলাদেশের জাতীয় অর্জন

বাংলাদেশে জাতিসংঘের মহাসচিবদের সফর:

- কূর্ট ওয়াল্ডহেইম - ১৯৭৩
- পেরেজ দ্য কুয়েলার - ১৯৮৯
- কফি আনান - ২০০১
- বান কি মুন - ২০০৮ ও ২০১১
- আন্তোনিও গুতেরেস (বর্তমান) - ২০১৮

জাতিসংঘ শান্তি রক্ষা মিশনে বাংলাদেশ

- জাতিসংঘ শান্তিরক্ষা মিশন শুরু করে ১৯৪৮ সালে।
- বাংলাদেশ জাতিসংঘের শান্তিরক্ষী বাহিনীতে সদস্য হয় ১৯৭৯ সালে, এবং প্রথম অংশগ্রহণ করে ১৯৮৮ সালে।
- জাতিসংঘ শান্তি রক্ষা মিশন কার্যক্রমে অংশগ্রহণকারী ১২৫টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান প্রথম।
- জাতিসংঘ শান্তিরক্ষায় বাংলাদেশের প্রথম মিশন-UNIMOG
- জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সর্বোচ্চ সংখ্যক সৈন্য প্রেরণকারী দেশ- বাংলাদেশ।
- জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে শহিদ বাংলাদেশি সৈন্য-১১০ জন (মে ২০১৩)।
- জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নৌবাহিনীর শহিদ বাংলাদেশি ১ জন (মে ২০১৩)।
- বাংলাদেশ এ পর্যন্ত শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণ করেছে- ৫৪টি, ৪০টি দেশে।
- বাংলাদেশ বরতমানে কর্মরত আছে ৮টি দেশে (৯টি মিশন)
- বাংলাদেশ পুলিশ শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণ করে ১৯৮৯ সালে। নৌ ও বিমানবাহিনী শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণ করে ২০১০ সালে।
- সর্বশেষ তথ্য অনুসারে শান্তিরক্ষা মিশনে বাংলাদেশি শান্তিরক্ষীদের সংখ্যা ৬৭৩১ জন। এর মাধ্যমে বাংলাদেশ সর্বোচ্চ শান্তিরক্ষী প্রেরণকারী দেশের মর্যাদা লাভ করে।

POLL QUESTION-01

➲ বাংলাদেশ স্ট্রিট কোথায় অবস্থিত?

(a) লাইবেরিয়া

(b) যুক্তরাষ্ট্র

(c) আইভরি কোস্ট

(d) কঙ্গো

আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশ

বিভিন্ন সংস্থায় বাংলাদেশের সদস্যপদ লাভ			
সংস্থা/সংগঠন	**সদস্যপদ লাভ**	**সংস্থা/সংগঠন**	**সদস্যপদ লাভ**
কমনওয়েলথ (Commonwealth)	১৮ এপ্রিল ১৯৭২	আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা (IAEA)	২৭ সেপ্টেম্বর ১৯৭২
বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)	১৭ মে ১৯৭২	জোট নিরপেক্ষ আন্দোলন (NAM)	৫ সেপ্টেম্বর ১৯৭৩
জাতিসংঘের উন্নয়ন ও বাণিজ্য কর্মসূচি (UNCTAD)	২০ মে ১৯৭২	ওয়ার্ল্ড অ্যাসোসিয়েশন অব গার্ল গাইডস এন্ড গার্ল স্কাউট (WAGGGS)	১ জানুয়ারি ১৯৭৩
আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF)	১৭ জুন ১৯৭২	আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংস্থা (ICAO)	১১ ফেব্রুয়ারি ১৯৭৩
আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)	২২ জুন ১৯৭২	বিশ্ব ডাক ইউনিয়ন (UPU)	৭ ফেব্রুয়ারি ১৯৭৩
পুনর্গঠন ও উন্নয়নের জন্য আন্তর্জাতিক ব্যাংক (IBRD)	১৭ আগস্ট ১৯৭২	রেডক্রস ও রেড ক্রিসেন্ট	৩১ মার্চ ১৯৭৩

আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশ

বিভিন্ন সংস্থায় বাংলাদেশের সদস্যপদ লাভ			
সংস্থা/সংগঠন	**সদস্যপদ লাভ**	**সংস্থা/সংগঠন**	**সদস্যপদ লাভ**
আন্তর্জাতিক উন্নয়ন সমিতি (IDA)	২৭ আগস্ট ১৯৭২	এসকাপ (ESCAP)	১৭ এপ্রিল ১৯৭৩
জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (UNESCO)	২৭ অক্টোবর ১৯৭২	বিশ্ব আবহাওয়া সংস্থা (WMO)	২৪ আগষ্ট ১৯৭৩
কলম্বো পরিকল্পনা (Colombo Plan)	৬ নভেম্বর ১৯৭২	আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়ন (ITU)	৫ সেপ্টেম্বর ১৯৭৩
গ্যাট (GATT)	১৬ ডিসেম্বর ১৯৭২	খাদ্য ও কৃষি সংস্থা (FAO)	১২ নভেম্বর ১৯৭৩
জাতিসংঘ শিল্প উন্নয়ন সংস্থা (UNIDO)	১১ ডিসেম্বর ১৯৭২	এশীয় উন্নয়ন ব্যাংক (ADB)	১৪ মার্চ ১৯৭৩

আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশ

বিভিন্ন সংস্থায় বাংলাদেশের সদস্যপদ লাভ			
সংস্থা/সংগঠন	**সদস্যপদ লাভ**	**সংস্থা/সংগঠন**	**সদস্যপদ লাভ**
ওয়ার্ল্ড অর্গানাইজেশন অব দি স্কাউট মুভমেন্ট (WOSM)	১৯৭৪	আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)	৩০ নভেম্বর ১৯৭৭
ওআইসি (OIC)	ফেব্রুয়ারি ১৯৭৪	ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন (WCO)	১ জুলাই ১৯৭৮
জাতিসংঘ (UNO)	১৭ সেপ্টেম্বর ১৯৭৪	পুঁজি বিনিয়োগজনিত বিরোধ নিষ্পত্তির আন্তর্জাতিক কেন্দ্র (ICSID)	২৬ এপ্রিল ১৯৮০
ইসলামী উন্নয়ন ব্যাংক (IDB)	১৪ আগষ্ট ১৯৭৪	আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (IOC)	১৫ ফেব্রুয়ারি ১৯৮০
আল কুদস কমিটি	১২ জুলাই ১৯৭৫	ইসলামিক এডুকেশনাল সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশন	৩ মে ১৯৮২
আন্তর্জাতিক পর্যটন সংস্থা (WTO)	১৯৭৫	বিশ্ব বুদ্ধিভিত্তিক সম্পদ সংস্থা (WIPO)	১১ মে ১৯৮৫

আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশ

বিভিন্ন সংস্থায় বাংলাদেশের সদস্যপদ লাভ			
সংস্থা/সংগঠন	**সদস্যপদ লাভ**	**সংস্থা/সংগঠন**	**সদস্যপদ লাভ**
আন্তর্জাতিক পুঁজি বিনিয়োগ সংস্থা (IFC)	১৮ জুন ১৯৭৬	সিরডাপ (CIRDAP)	৮ এপ্রিল ১৯৮৭
আন্তর্জাতিক সমুদ্র চলাচল সংস্থা (IMO)	২৭ মে ১৯৭৬	বহুপাক্ষিক বিনিয়োগ গ্যারান্টি সংস্থা (MIGA)	১২ এপ্রিল ১৯৮৮
আন্তর্জাতিক ফুটবল সংস্থা (FIFA)	১ জানুয়ারি ১৯৭৬	ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (IOM)	২৭ নভেম্বর ১৯৯০
গ্রুপ-৭৭ (G-77)	৭ অক্টোবর ১৯৭৬	অর্থনৈতিক সহযোগিতা সংস্থা (ECO)	১৬ ফেব্রুয়ারি ১৯৯২
আন্তর্জাতিক পুলিশ সংস্থা (INTERPOL)	১৪ অক্টোবর ১৯৭৬	ইন্টারন্যাশনাল মোবাইল স্যাটেলাইট সংস্থা (IMSO)	১৭ সেপ্টেম্বর ১৯৯৩

আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশ

বিভিন্ন সংস্থায় বাংলাদেশের সদস্যপদ লাভ	
সংস্থা/সংগঠন	**সদস্যপদ লাভ**
ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন্স স্যাটেলাইট অর্গানাইজেশন্স (ISO)	১৪ ডিসেম্বর ১৯৭৬
বিশ্ব বাণিজ্য সংস্থা(WTO)	১ জানুয়ারি ১৯৯৫
রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি (OPCW)	২৯ এপ্রিল ১৯৯৭
বিমসটেক (BIMSTEC)	৬ জুন ১৯৯৭
উন্নয়নশীল-৮ (D-8)	১৫ জুন ১৯৯৭
এশিয়ান পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন (APA)	৪ সেপ্টেম্বর ১৯৯৯
আন্তর্জাতিক হাইড্রোগ্রাফিক সংস্থা (IHO)	৪ জুলাই ২০০১

আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশ

বিভিন্ন সংস্থায় বাংলাদেশের সদস্যপদ লাভ	
সংস্থা/সংগঠন	**সদস্যপদ লাভ**
ইন্টারন্যাশনাল সীবেড অথরিটি (ISA)	২৭ জুলাই ২০০১
আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড (IMO)	১৬ জুলাই ২০০৪
আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF)	২৮ জুলাই ২০০৬
আন্তর্জাতিক অপরাধ আদালত (ICC)	১ জুন ২০১০
ইউনিকোড কনসোর্টিয়াম	৩০ জুন ২০১০
আসেম (ASEM)	৫ নভেম্বর ২০১২
পার্লামেন্ট কোর্ট অব আরবিট্রেশন (PCA)	২৬ ফেব্রুয়ারি ২০১২
এগমন্ট গ্রুপ	৩ জুলাই ২০১৩

Permanent

বাংলাদেশে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা

- আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF)-এর বাংলাদেশস্থ কার্যালয় অবস্থিত আগারগাঁও, ঢাকা।
- এশীয় উন্নয়ন ব্যাংক (ADB)-এর বাংলাদেশস্থ কার্যালয় অবস্থিত শেরেবাংলা নগর, ঢাকা।
- JICA (OTCA নামে) বাংলাদেশে কার্যক্রম শুরু করে-- ১৯৭৪ সালে।
- আন্তর্জাতিক উদরাময় রোগ গবেষণাকেন্দ্র (আইসিডিডিআরবি) প্রতিষ্ঠা লাভ করে ১৯৭৮ সালে। এর অবস্থান মহাখালী, ঢাকা। এটি 'বেবি জিঙ্ক' ট্যাবলেটের আবিষ্কারক। বেবি জিঙ্কের কাজ - শিশুর ঘনঘন পাতলা পায়খানা কমায় এবং পরে শিশুর ডায়রিয়া আক্রান্ত হওয়ার সম্ভাবনা কমিয়ে দেয়। এর বাজারজাত উদ্বোধন করা হয়-২৬ নভেম্বর ২০০৬। এটি খাওয়ানো যায় ৬ মাস-৫ বছর বয়সী শিশুদের।
- ICDDRB–এর পূর্ব প্রতিষ্ঠান Cholera Research Laboratory, স্থাপিত ১৯৬০ সালে। এটি ওরস্যালাইন আবিষ্কার করে ১৯৬৮ সালে।
- অলিয়স ফ্রসেঁজ-- ফ্রান্সের একটি সংস্থা, যার লক্ষ্য হলো ফ্রান্সের বাইরে ফরাসি ভাষা ও সংস্কৃতির বিস্তার ঘটানো।
- ঢাকায় বিমসটেকের সচিবালয় উদ্বোধন করা হয় ১৩ সেপ্টেম্বর ২০১৪।

বাংলাদেশে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা

বাংলাদেশে অবস্থিত আন্তর্জাতিক সংস্থা		
নাম	প্রতিষ্ঠাকাল/কার্যক্রম শুরু	সদর দপ্তর
আন্তর্জাতিক উদরাময় রোগ গবেষণা কেন্দ্র (ICDDRB)	১৯৭৮	মহাখালী, ঢাকা
এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সমন্বিত পল্লি উন্নয়ন কেন্দ্র (CIRDAP)	৬ জুলাই ১৯৭৯	চামেলি হাউস, ঢাকা
সার্ক কৃষি কেন্দ্র (SAC)	১৯৮৯	ফার্মগেট, ঢাকা
সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র (SMRC)	২ জানুয়ারি ১৯৯৫	আগারগাঁও, ঢাকা
বিমসটেক (BIMSTEC)	৬ জুন ১৯৯৭	গুলশান, ঢাকা
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট	১৫মার্চ ২০০১	সেগুনবাগিচা, ঢাকা
আন্তর্জাতিক জুট স্টাডি গ্রুপ (JSG)	২৭ এপ্রিল ২০০২	ফার্মগেট, ঢাকা

গুরুত্বপূর্ণ চুক্তি

- ফারাক্কা বাঁধ চালু হয় ২১ এপ্রিল, ১৯৭৫ সালে।
- পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়- ২ ডিসেম্বর, ১৯৯৭। এই চুক্তিতে বাংলাদেশ সরকারের পক্ষে তৎকালীন চিফ হুইপ আবুল হাসনাত আবদুল্লাহ এবং পার্বত্য চট্টগ্রামের জনসংহতি সমিতির পক্ষে জোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা (সন্তু লারমা) স্বাক্ষর করেন। এই চুক্তি অনুযায়ী আঞ্চলিক পরিষদের সদস্য সংখ্যা ২২ জন (চেয়ারম্যানসহ)।
- বাংলাদেশ ১২৯তম দেশ হিসেবে CTBT চুক্তি ২৪ অক্টোবর, ১৯৯৬ সালে স্বাক্ষর করে এবং ৭মার্চ, ২০০০ সালে CTBT অনুমোদন করে।
- ইসলামী সহযোগিতা সংস্থা (OIC)-এর মূল সনদ গৃহীত হয়- ১৯৭২ সালে।
- বাংলাদেশ-ভারত মৈত্রী চুক্তি ২৫ বছরের জন্য স্বাক্ষরিত হয় ১৯ মার্চ ১৯৭২। এই চুক্তির মেয়াদ শেষ হয় ১৮ মার্চ ১৯৯৭।
- বাংলাদেশ-ভারত গঙ্গার পানিবণ্টন চুক্তি স্বাক্ষরিত হয়- ১২ ডিসেম্বর ১৯৯৬।

গুরুত্বপূর্ণ চুক্তি

- বাংলাদেশ ও ভারতের মধ্যে ছিটমহল বিনিময় চুক্তি হয় ১ আগস্ট, ২০১৫। এর মাধ্যমে ভারতের কাছ থেকে ১১১টি ছিটমহল বুঝে নেয় বাংলাদেশ এবং বাংলাদেশের কাছ থেকে ৫১টি ছিটমহল বুঝে নেয় ভারত।
- বাংলাদেশ-ভারত সীমান্ত চুক্তি স্বাক্ষরিত হয়- ১৬মে, ১৯৭৪ সালে।
- মুজিব-ইন্দিরা চুক্তি স্বাধীন বাংলাদেশ ও ভারত রাষ্ট্রদ্বয়ের মধ্যে সম্পাদিত গুরুত্বপূর্ণ চুক্তি। এটি নয়াদিল্লীতে সম্পাদিত হয়-১৬ মে, ১৯৭৪ সালে।
- ভারতের নয়াদিল্লির হায়দারাবাদ হাউসে বাংলাদেশ ও ভারতের মধ্যে ১৯৯৬ সালে ১২ ডিসেম্বর গঙ্গার পানি বণ্টন চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তিটি ৩০ বছরের জন্য করা হয়েছিল।
- বাংলাদেশ-ভারতের মধ্যে বন্দি চুক্তি হয় ২০১০ সালে এবং এ চুক্তি কার্যকর হয় ২০১১ সালের ১৩ জানুয়ারি।
- বাংলাদেশ-মিয়ানমারের মধ্যে রোহিঙ্গা প্রত্যাবাসন চুক্তি স্বাক্ষরিত হয়-২৩ নভেম্বর, ২০১৭।
- টিকফা বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত বাণিজ্য ও বিনিয়োগ চুক্তি। ২০১৩ সালের ২৫ নভেম্বর চুক্তিটি স্বাক্ষরিত হয়। পূর্বে এটি টিফা চুক্তি নামে ছিল।

POLL QUESTION-02

➲ ভারত বাংলাদেশ সহযোগিতা, বন্ধুত্ব ও শান্তিচুক্তি স্বাক্ষরিত হয়-

(a) ১৯৭২ সালে

(b) ১৯৭৪ সালে

(c) ১৯৮০ সালে

(d) ১৯৮২ সালে

বিশিষ্ট ব্যক্তিত্ব - সমাজসেবক/সংস্কারক (SOCIAL REFORMER)

নওয়াব স্যার সলিমুল্লাহ

- নওয়াব সলিমুল্লাহ জন্মগ্রহণ করেন,-ঢাকায় (৮ জুন ১৮৭১)।
- নওয়াব সলিমুল্লাহ নবাব নিযুক্ত হন ১৯০১ সালে।
- ব্রিটিশ শাসকের কাছে বঙ্গভঙ্গের দাবি পেশ করেন - নওয়াব সলিমুল্লাহ।
- নিখিল ভারত মুসলিম লীগের অন্যতম প্রতিষ্ঠাতা (১৯০৬)।
- নওয়াব সলিমুল্লাহ মৃত্যুবরণ করেন- ১৬ জানুয়ারি ১৯১৫।

হাজী শরীয়তউল্লাহ

- পলাশীর পরাধীনতার পর প্রথম বাংলার মুসলমানদের চরম অবনতির কথা উপলব্ধি করেন হাজী শরীয়তউল্লাহ।
- হাজী শরীয়তউল্লাহর নামে যে জেলার নামকরণ হয়েছে শরীয়তপুর।
- ফরায়েজী আন্দোলনের প্রধান কেন্দ্রছিল-ফরিদপুর জেলা।
- হাজী শরীয়তউল্লাহর মৃত্যুর পর ফরায়েজী আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করেন দুদু মিয়া।
- ইসলামের ফরজ পালনের জন্য জোর প্রচার চালান, যা পরবর্তীতে ফরায়োজি আন্দোলন নামে পরিচিত হয়।

বিশিষ্ট ব্যক্তিত্ব - সমাজসেবক/সংস্কারক (SOCIAL REFORMER)

নবাব আব্দুল লতিফ

- বাংলায় মুসলমানদের মধ্যে আধুনিক শিক্ষা প্রচলনের জন্য অগ্রণী ভূমিকা পালন করেন নবাব আব্দুল লতিফ।
- নবাব আব্দুল লতিফ যে নিখিল ভারত প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করেন তার বিষয়বস্তু- মুসলমান ছাত্রদের জন্য ইংরেজি শিক্ষার উপকারিতা।
- নীল কমিশন গঠনে যে মুসলিম মনীষীর প্রত্যক্ষ ভূমিকা ছিল-নবাব আব্দুল লতিফ।
- তার পৃষ্ঠপোষকতায় কলকাতায় মুসলিম সাহিত্য সমাজ প্রতিষ্ঠিত হয় ১৮৬৩ সালের ২ এপ্রিল।
- ১৮৬৩ সালে মোহামেডান লিটারেরি সোসাইটি প্রতিষ্ঠা করেন।

হাজী মুহম্মদ মুহসীন

- তিনি ১৭৩২ সালে ভারতের পশ্চিম বাংলার হুগলীতে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।
- মন্নুজান খানমের সাথে হাজী মুহম্মদ মুহসীনের সম্পর্ক-বৈপিত্রেয় ভগ্নী।
- হাজী মুহসীন যার কাছ থেকে অঢেল সম্পত্তি লাভ করেন- নিঃসন্তান ভগ্নী মন্নুজান খানমের। তিনি মৃত্যুবরণ করেন ১৮০৩ সালে।

বিশিষ্ট ব্যক্তিত্ব - সমাজসেবক/সংস্কারক (SOCIAL REFORMER)

সৈয়দ আমীর আলী

- তিনি সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠা (১৮৭৭) করেন যার পর থেকে ভারতীয় মুসলমানদের রাজনৈতিক স্বাতন্ত্র্যের আন্দোলন শুরু হয়।
- ব্রিটিশ রেড ক্রিসেন্ট সোসাইটি স্থাপনের অন্যতম উদ্যোক্তা ছিলেন-- সৈয়দ আমীর আলী
- সৈয়দ আমীর আলী ব্রিটিশ সরকারের কাছ থেকে সিআইই উপাধি পান ১৮৮৭ সালে।
- 'The Spirit of Islam', 'A Short History of Saracens' নামক গ্রন্থদ্বয় রচনা করেন।

স্যার সৈয়দ আহমদ খান

- তিনি ছিলেন আলীগড় আন্দোলনের নায়ক।
- মুসলমানদের কাছে ইংরেজি শিক্ষা বিস্তারে ১৮৭৫ সালে মোহামেডান অ্যাংলো ওরিয়েন্টাল কলেজ প্রতিষ্ঠা করেন যা পরবর্তীতে ১৯২০ সালে আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয় এ উন্নিত হয়।

বিশিষ্ট ব্যক্তিত্ব - রাজনীতিবিদ/রাজনৈতিক ব্যক্তিত্ব (POLITICAL PERSONS)

শেরে বাংলা আবুল কাশেম ফজলুল হক

- ফজলুল হক জন্মগ্রহণ করেন- ১৬ অক্টোবর ১৮৭৩, সাতুরিয়া (বরিশাল)।
- তার বাবার নাম কাজী ওয়াজেদ, মায়ের নাম সাইদুন্নেসা খাতুন।
- শেরে বাংলা অবিভক্ত বাংলার শিক্ষামন্ত্রী নিযুক্ত হন ১ জানুয়ারি ১৯২৪।
- শেরে বাংলা কৃষক প্রজা পার্টির সভাপতি ও কলকাতা কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন ১৯৩৫ সালে।
- শেরে বাংলা অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী হন ১ এপ্রিল ১৯৩৭।
- এ ছাড়াও তিনি পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী (১৯৫৪), স্বরাষ্ট্রমন্ত্রী (১৯৫৫) এবং গভর্নর (১৯৫৬-৫৮) ছিলেন।
- বাংলার মুখ্যমন্ত্রী থাকাকালীন সময়ে তিনি জনগনের কল্যাণে ঋণ সালিশি আইন, প্রজাস্বত্ব আইন এবং মহাজনি প্রথা বাতিল আইন প্রবর্তন করেন।
- লাহোর প্রস্তাব উপস্থাপন করেন শেরে বাংলা এ কে ফজলুল হক; ২৩ মার্চ ১৯৪০। এই প্রস্তাবে মুসলিম সংখ্যাগরিষ্ঠ অঞ্চলসমূহ নিয়ে একাধিক রাষ্ট্র গঠনের প্রস্তাব ছিল।
- এ কে ফজলুল হক রচিত গ্রন্থের নাম - Bengal Today (১৯৪৪)

বিশিষ্ট ব্যক্তিত্ব - রাজনীতিবিদ/রাজনৈতিক ব্যক্তিত্ব (POLITICAL PERSONS)

মওলানা আবদুল হামিদ খান ভাসানী

- মওলানা আবদুল হামিদ খান ভাসানী জন্মগ্রহণ করেন ১২ ডিসেম্বর ১৮৮০; ধনপাড়া, সিরাজগঞ্জ।
- লাইন প্রথা-বিরোধী আন্দোলনে নেতৃত্ব দেন-মওলানা আবদুল হামিদ খান ভাসানী।
- মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী মানুষের কাছে পরিচিত ছিলেন- মজলুম জননেতা হিসেবে।
- ভাসানী ঐতিহাসিক লং মার্চের নেতৃত্ব দেন ১৯৭৬ সালের ১৬ মে।
- আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা (১৯৪৯-১৯৫৭) সভাপতি- মওলানা আবদুল হামিদ খান ভাসানী।
- ভাসানীর সভাপতিত্বে সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয় - ৩১ জানুয়ারি ১৯৫২ (ঢাকা জেল বার লাইব্রেরিতে)।

বিশিষ্ট ব্যক্তিত্ব - রাজনীতিবিদ/রাজনৈতিক ব্যক্তিত্ব (POLITICAL PERSONS)

হোসেন শহীদ সোহরাওয়ার্দী

- হোসেন শহীদ সোহরাওয়ার্দী জনগ্রহণ করেন -৮ সেপ্টেম্বর ১৮৯২: পশ্চিমবঙ্গের মেদিনীপুর।
- 'গণতন্ত্রের মানসপুত্র' হিসেবে খ্যাত- হোসেন শহীদ সোহরাওয়ার্দী তার জীবদ্দশায় কলকাতার ডেপুটি মেয়র, অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী (২৪ এপ্রিল ১৯৪৬-১৩ আগস্ট ১৯৪৭) এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী ছিলেন।
- সোহরাওয়ার্দী মৃত্যুবরণ করেন ৫ ডিসেম্বর ১৯৬৩: লেবাননের রাজধানী বৈরুতে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

- বঙ্গবন্ধুর জন্ম ১৭ মার্চ ১৯২০ (গোপালগঞ্জ টুঙ্গিপাড়া)। বঙ্গবন্ধু সপরিবারে নিহত হন ১৫ আগস্ট ১৯৭৫।
- বাংলাদেশ রাষ্ট্রের জনক ও প্রথম রাষ্ট্রপতি--শেখ মুজিবুর রহমান।
- আওয়ামী মুসলিম লীগে যুগ্ম সম্পাদক হন ২৩ জুন, ১৯৪৯ সালে। আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হন ২০ মার্চ ১৯৬৬ সালে।
- লাহোরে ৬ দফা দাবি উত্থাপন করেন শেখ মুজিবুর রহমান।
- 'অসমাপ্ত আত্মজীবনী (The Unfinished Memories) যে ব্যক্তিত্বের আত্মজীবনী- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ।
- শেখ মুজিব বিবিসির জরিপে সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি নির্বাচিত হন ২০০৪ সালে।

বিশিষ্ট ব্যক্তিত্ব - রাজনীতিবিদ/রাজনৈতিক ব্যক্তিত্ব (POLITICAL PERSONS)

জিয়াউর রহমান

- জিয়াউর রহমানের জন্ম ১৯৩৬ সালের ১৯ জানুয়ারি (বগুড়া-বাগবাড়ি)।
- বাংলাদেশী জাতীয়তাবাদের প্রবক্তা রাষ্ট্রপতি জিয়াউর রহমান।
- জিয়াউর রহমান বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতা ঘোষণা দেন ২৭ মার্চ ১৯৭১।
- মুক্তিযুদ্ধে জেড ফোর্সের অধিনায়ক- মেজর জিয়াউর রহমান।
- সার্কের স্বপ্নদ্রষ্টা- রাষ্ট্রপতি জিয়াউর রহমান।
- জিয়াউর রহমানের মৃত্যু ৩০ মে ১৯৮১।



বিশিষ্ট ব্যক্তিত্ব - রাজনীতিবিদ/রাজনৈতিক ব্যক্তিত্ব (POLITICAL PERSONS)

সৈয়দ নজরুল ইসলাম

- সৈয়দ নজরুল ইসলাম জন্মগ্রহণ করেন জানুয়ারি ১৯২৫; যশোদল, কিশোরগঞ্জ।
- বাংলাদেশের প্রথম উপরাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম।
- বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম।
- সৈয়দ নজরুল ইসলাম নিহত হন -৩ নভেম্বর ১৯৭৫।

তাজউদ্দীন আহমদ

- তাজউদ্দীন আহমদ জন্মগ্রহণ করেন- ২৩ জুলাই ১৯২৫; কাপাসিয়া, গাজীপুর।
- বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী-তাজউদ্দীন আহমদ (১০ এপ্রিল ১৯৭১-১২ জানুয়ারি ১৯৭২)।
- তাজউদ্দীন আহমদ বাংলাদেশের অর্থমন্ত্রী হন - ১২ জানুয়ারি ১৯৭২ (২৬ অক্টোবর ১৯৭৪ পর্যন্ত দায়িত্বে ছিলেন)।
- স্বাধীন বাংলাদেশের প্রথম বাজেট পেশ করেন- তাজউদ্দীন আহমদ ৩০ জুন ১৯৭২।

ক্যাপ্টেন এম মনসুর আলী

- ক্যাপ্টেন এম মনসুর আলী জনুগ্রহণ করেন- ১৯১৯ সালে; কুড়িপাড়া, সিরাজগঞ্জ ।
- মুজিবনগর সরকারের সময় মনসুর আলী অর্থমন্ত্রী নির্বাচিত হন।
- ক্যাপ্টেন এম মনসুর আলী নিহত হন ৩ নভেম্বর ১৯৭৫।
- মনসুর আলী ক্যাপ্টেন ছিলেন- মুসলীম লীগের গার্ড বাহিনীর পাবনা জেলা শাখার।

বিশিষ্ট ব্যক্তিত্ব - রাজনীতিবিদ/রাজনৈতিক ব্যক্তিত্ব (POLITICAL PERSONS)

এএইচএম কামারুজ্জামান

- এএইচএম কামারুজ্জামান জন্মগ্রহণ করেন- ১৯২৩ সালে; রাজশাহী।
- এএইচএম কামারুজ্জামান আওয়ামী লীগে যোগ দেন ১৯৫৬ সালে।
- এএইচএম কামারুজ্জামান আওয়ামী লীগের সভাপতি হন ১৯৭৪ সালে।

ড. কুদরত-ই-খুদা

- কুদরত-ই-খুদা জনুগ্রহণ করেন ১ ডিসেম্বর ১৯০০; মাড়, বীরভূম, ভারত।
- বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশন–এর নাম - ড. কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন।
- ড. কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন গঠন করা হয়- ২৬ জুলাই ১৯৭২।

ডা. মোহাম্মদ ইব্রাহীম

- ডা. মোহাম্মদ ইব্রাহীম জন্মগ্রহণ করেন ৩১ ডিসেম্বর ১৯১১ সালে; খাঁড়েরা, মুর্শিদাবাদ।
- বারডেম (BIRDEM) এর প্রতিষ্ঠাতা ডা. মোহাম্মদ ইব্রাহীম।
- বাংলাদেশ ডায়াবেটিস অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি-ডা. মোহাম্মদ ইব্রাহীম।
- দেশের জাতীয় জনসংখ্যা কাউন্সিলের সূচনা করেন- ডা. মোহাম্মদ ইব্রাহীম।

বিশিষ্ট ব্যক্তিত্ব- বিজ্ঞানী (SCIENTIST)

আবদুল্লাহ আল মুতি শরফুদ্দীন

- আবদুল্লাহ আল মুতি শরফুদ্দীন জন্মগ্রহণ করেন-- ১ জানুয়ারি ১৯৩০; ফুলবাড়ি, সিরাজগঞ্জ।
- আবদুল্লাহ আল মুতি বাংলা একাডেমি প্রকাশিত যে বইয়ের সম্পাদক ছিলেন বিজ্ঞানকোষ।
- আবদুল্লাহ আল মুতি শরফুদ্দীন বাংলা একাডেমির সভাপতি নিযুক্ত হন ১৯৮৬-৯০ মেয়াদে।

ফজলুর রহমান খান

- ফজলুর রহমান খান জন্মগ্রহণ করেন ৩ এপ্রিল ১৯২৯, ঢাকা।
- এফ আর খান একজন বিখ্যাত স্থপতি।
- এফ আর খান যে স্থাপনার স্থপতি সিয়ার্স টাওয়ার (নিউইয়র্ক), যার বর্তমান নাম উইলিস টাওয়ার।
- এফ আর খানের স্থাপত্য শিল্প যে নামে পরিচিত Tube in Tube।
- এফ আর খান মৃত্যুবরণ করেন। ২৬ মার্চ ১৯৮২; জেদ্দা।

বিশিষ্ট ব্যক্তিত্ব – শিল্পী (ARTIST)

শিল্পাচার্য জয়নুল আবেদিন

- শিল্পাচার্য জয়নুল আবেদিন জন্মগ্রহণ করেন ২৯ ডিসেম্বর ১৯১৪; কেন্দুয়া, কিশোরগঞ্জ।
- ঢাকা আর্ট ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেন শিল্পাচার্য জয়নুল আবেদিন; ১৯৪৮ সালে (বর্তমান চারুকলা ইনস্টিটিউট)।
- ১৯৪৩-এর দুর্ভিক্ষ নিয়ে জয়নুল আবেদিনের চিত্রশিল্পটির নাম - দুর্ভিক্ষের রেখাচিত্র।
- সোনারগাঁওয়ে লোকশিল্প জাদুঘর প্রতিষ্ঠা করেন – শিল্পাচার্য জয়নুল আবেদিন।
- ১৯৭০ সালের ১২ নভেম্বর মনপুরা দ্বীপে সংঘটিত ভয়াবহ ঘুর্ণিঝড় নিয়ে তৈরি জয়নুল আবেদিনের চিত্রকর্ম- 'মনপুরা-৭০'

কামরুল হাসান

- চিত্রশিল্পী কামরুল হাসান জন্মগ্রহণ করেন- ২ ডিসেম্বর ১৯২১ (তিনজিলা গোরস্থান রোড, কলকাতা)।
- কামরুল হাসানের পৈতৃক নিবাস নারেঙ্গা গ্রাম, বর্ধমান (পশ্চিমবঙ্গ)।
- 'এই জানোয়ারদের হত্যা করতে হবে' পোস্টারটির ক্যাপসন যে চিত্রশিল্পীর-- কামরুল হাসান।
- 'দেশ আজ বিশ্ব বেহায়াদের খপ্পরে' স্কেচটির চিত্রশিল্পী-- কামরুল হাসান।
- কামরুল হাসানের 'তিনকন্যা' ও 'নাইওর' চিত্রকর্ম অবলম্বনে যে দুটি দেশ ডাকটিকিট প্রকাশ করেছে- যুগোশ্লাভিয়ার সরকার (১৯৮৫), বাংলাদেশ সরকার (১৯৮৬)।

বিশিষ্ট ব্যক্তিত্ব – শিল্পী (ARTIST)

এস এম (শেখ মুহম্মদ) সুলতান

- এস এম (শেখ মুহম্মদ) সুলতান জন্মগ্রহণ করেন ১০ আগট ১৯২৩,; মাসিমদিয়া, নড়াইল।
- 'শিশস্বর্গ', 'নন্দন কানন' ও 'চারুপীঠ' প্রতিষ্ঠা করেন- এস এম (শেখ মুহম্মদ) সুলতান, নড়াইলে।
- এস এম সুলতানের উল্লেখযোগ্য চিত্রশিল্প 'হত্যাযজ্ঞ', 'চর দখল', 'ধানকাটা'।
- এস এম (শেখ মুহম্মদ) সুলতান স্বাধীনতা পুরস্কার পান ১৯৯৩ সালে।

ফকির লালন শাহ

- লালন শাহ জন্মগ্রহণ করেন- ১৭৭২ সালে (১ কার্তিক ১১৭৯); হরিশপুর, ঝিনাইদহ (মতান্তরে ভাঁড়ারা, কুষ্টিয়া)।
- সর্বপ্রথম লালনের গান সংগ্রহ করেন রবীন্দ্রনাথ ঠাকুর (২৯৮টি)।
- লালন শাহ মারা যান - ১ কার্তিক ১২৯৭ (১৭.১০.১৮৯০) কুষ্টিয়ার ছেউড়িয়ায়।

ওস্তাদ আলাউদ্দিন খাঁ

- ওস্তাদ আলাউদ্দিন খাঁ জন্মগ্রহণ করেন ১৮৬২ সালে ব্রাহ্মণবাড়িয়া জেলার শিবপুর গ্রামে।
- হিন্দুস্তানি সঙ্গীতের শ্রেষ্ঠ নায়কদের অন্যতম - ওস্তাদ আলাউদ্দিন খাঁ।
- রাগ সঙ্গীতের ক্ষেত্রে ওস্তাদ আলাউদ্দিন খাঁর সাথে কারো কোনো তুলনা নেই।
- ওস্তাদ আলাউদ্দিন খার বিখ্যাত শিষ্যের নাম- পণ্ডিত রবি শংকর।
- ওস্তাদ আলাউদ্দিন খাঁ মৃত্যুবরণ করেন- ১৯৭২ সালে।

বিশিষ্ট ব্যক্তিত্ব – শিল্পী (ARTIST)

আব্বাসউদ্দীন আহমদ

- আব্বাসউদ্দীন আহমদ জন্মগ্রহণ করেন ২৭ অক্টোবর ১৯০১; পশ্চিমবঙ্গের কুচবিহারের বলরামপুর গ্রামে।
- আব্বাসউদ্দীন আহমদ রচিত একমাত্র আত্মজীবনীমূলক গ্রন্থ-আমার শিল্পী জীবনের কথা।
- আব্বাসউদ্দীন আহমদ ঢাকা বেতারে প্রথম সংগীত পরিবেশন করেন ১৪ আগস্ট ১৯৪৭।
- আব্বাসউদ্দীন আহমদ মৃত্যুবরণ করেন ৩০ ডিসেম্বর ১৯৫৯।

আবদুল আলীম

- আবদুল আলীম জন্মগ্রহণ করেন ১৯৩১ সালের ২৭ জুলাই, মুর্শিদাবাদের তালিবপুর গ্রামে।
- ঢাকার প্রথম চলচ্চিত্র মুখ ও মুখোশ-এর নেপথ্য কণ্ঠশিল্পী ছিলেন আবদুল আলীম।
- সঙ্গীতে বিশেষ অবদান রাখার জন্য বাংলাদেশ সরকার একুশে পদক (মরণোত্তর) প্রদান করে ১৯৭৭ সালে।
- আবদুল আলীম মৃত্যুবরণ করেন ৫ সেপ্টেম্বর ১৯৭৪, ঢাকায়।

শাহ আব্দুল করিম

- শাহ আব্দুল করিম জন্মগ্রহণ করেন-১৯১৬ সালে; সুনামগঞ্জে। শাহ আব্দুল করিম খ্যাত বাউল সম্রাট হিসেবে।
- গাড়ি চলে না, চলে না....; আগে কি সুন্দর দিন কাটাইতাম; কেমনে ভুলিব আমি বাঁচি না তারে ছাড়া ... প্রভৃতি গানের গীতিকার ও সুরকার- শাহ আব্দুল করিম।
- শাহ আব্দুল করিম মৃত্যুবরণ করেন- ২০০৯ সালে।

বিশিষ্ট ব্যক্তিত্ব – অর্থনীতিবিদ (ECONOMIST)

ড. মুহাম্মদ ইউনূস

- ড. মুহাম্মদ ইউনূস জন্মগ্রহণ করেন ২৮ জুন ১৯৪০; বাথুয়া, চট্টগ্রাম।
- গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা- ড. মুহাম্মদ ইউনূস।
- উপমহাদেশের অষ্টম, বাংলাদেশের প্রথম এবং তৃতীয় বাঙ্গালি হিসেবে নোবেল পুরস্কার লাভ করেন ড. মুহাম্মদ ইউনূস (গ্রামীণ ব্যাংকের সাথে যৌথভাবে)।
- ড. মুহাম্মদ ইউনূস নোবেল পুরস্কার লাভ করেন--২০০৬ সালে, শান্তিতে।
- ২৬ অক্টোবর ২০১২ স্কটল্যান্ডের গ্লাসগো ক্যালেডোনিয়ান বিশ্ববিদ্যালয়ের আচার্য (চ্যান্সেলর) হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।
- ড. ইউনূসের আত্মজীবনীমূলক গ্রন্থ 'দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে' এবং 'Banker to the poor'.

অমর্ত্য সেন

- অমর্ত্য সেন জন্মগ্রহণ করেন ৩ নভেম্বর ১৯৩৩; পশ্চিমবঙ্গ, ভারত।
- অর্থনীতির মাদার তেরেসা (The Mother Teresa of Economics) হিসেবে খ্যাত অমর্ত্য সেন।
- এশিয়ার প্রথম ব্যক্তি হিসেবে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন- অমর্ত্য সেন।
- অমর্ত্য সেনের বিখ্যাত গ্রন্থ - Poverty and famines, The Idea of Justice, Indentity and violence the illusion of desting
- অমর্ত্য সেন 'দুর্ভিক্ষ ও দারিদ্র্য' নিয়ে পবেষণার জন্য নোবেল পুরস্কার পান ১৯৯৮ সালে।

বিশিষ্ট ব্যক্তিত্ব – অন্যান্য (OTHERS)

অতীশ দীপঙ্কর

- বাংলাদেশে বৌদ্ধধর্মের বিখ্যাত সাধক অতীশ দীপঙ্কর।
- অতীশ দীপঙ্কর জনগ্রহণ করেন বিক্রমপুরের বজ্রযোগিনী গ্রামে, ৯৮২ খ্রিষ্টাব্দে।
- অতীশ দীপঙ্করের পিতা ও মাতার নাম- পিতা রাজা কল্যাণশ্রী ও মাতা রানী প্রভাবতী।

হীরালাল সেন

- হীরালাল সেন জন্মগ্রহণ করেন ১৮৬৬ সাল; বগজুরী, মানিকগঞ্জ।
- বাংলা চলচ্চিত্রের জনক বলা হয়- হীরালাল সেনকে।
- হীরালাল সেন কর্তৃক প্রতিষ্ঠিত বায়োস্কোপ কোম্পানির নাম রয়্যাল বায়োস্কোপ কোম্পানি।

ব্রজেন দাস

- ব্রজেন দাস জন্মগ্রহণ করেন ৯ ডিসেম্বর ১৯২৭; বিক্রমপুর, মুন্সিগঞ্জ।
- প্রথম বাঙ্গালি হিসেবে ইংলিশ চ্যানেল অতিক্রম করেন ব্রজেন দাস (১৯৫৮ সালে)।
- ব্রজেন দাস স্বাধীনতা পদক লাভ করেন ১৯৯৯ সালে (মরণোত্তর)।
- ব্রজেন দাস মৃত্যুবরণ করেন ১ জুন ১৯৯৮।

POLL QUESTION-03

➲ ‘আমার দেখা নয়াচীন’ গ্রন্থটির রচয়িতা কে?

(a) শেখ হাসিনা

(b) বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান

(c) তোফায়েল আহমেদ

(d) তাজউদ্দীন আহমেদ

গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহ

বাংলা একাডেমী (Bangla Academy)

- বাংলা একাডেমিকে স্বায়ত্তশাসন দেয়া হয় The Bengali Academy Act -1957 আইনের মাধ্যমে।
- ভাষা আন্দোলনের ফলে যে প্রতিষ্ঠানটি সৃষ্টি হয়- বাংলা একাডেমি।
- বাংলা একাডেমির প্রথম সভাপতি- মওলানা মোহাম্মদ আকরাম খাঁ
- বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক ছিলেন ড. মযহারুল ইসলাম।
- বাংলা একাডেমির প্রথম প্রকাশনা- বাংলা একাডেমি পত্রিকা (১৩৬৩ বঙ্গাব্দ, ইংরেজি ১৯৫৭)।
- 'নজরুল চত্বর' ও 'নজরুল মঞ্চ' অবস্থিত বাংলা একাডেমিতে।
- বর্তমানে বাংলা একাডেমিতে বিভাগ রয়েছে -৪টি।
- বর্তমানে বাংলা একাডেমি থেকে সাময়িকী প্রকাশিত হয়- ৬টি।
- বাংলা একাডেমি স্বাধীনতা পুরস্কার লাভ করে ২০১০ সালে।

গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহ

বাংলা একাডেমি প্রকাশিত পত্রিকা	
পত্রিকার নাম	**ধরণ**
বাংলা একাডেমি পত্রিকা	গবেষণামূলক ত্রৈমাসিক
উত্তরাধিকার	সৃজনশীল মাসিক
ধানশালিকের দেশ	ত্রৈমাসিক কিশোর পত্রিকা
বাংলা একাডেমির জার্নাল	ইংরেজি ভাষায় প্রকাশিত যাণ্মাসিক পত্রিকা
বিজ্ঞান পত্রিকা	বাংলা একাডেমির মাসিক মুখপত্র
লেখা	ষাণ্মাসিক

বাংলাদেশ শিশু একাডেমী

- বাংলাদেশ শিশু একাডেমীর কার্যক্রম শুরু করে ১৫ জুলাই ১৯৭৭।
- বাংলাদেশ শিশু একাডেমীর প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি জিয়াউর রহমান।
- শিশু একাডেমী প্রকাশিত সচিত্র মাসিক পত্রিকাটির নাম – শিশু।
- শিশু একাডেমী জাতীয় শিশু-কিশোর প্রতিযোগিতা প্রবর্তন করে ১৯৭৮ সাল থেকে।
- বাংলাদেশ শিশু একাডেমীর অবস্থান দোয়েল চত্বর সংলগ্ন।

গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহ

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (BARD)

- BARD নামক বহুমুখী সমবায় প্রতিষ্ঠানটি অবস্থিত-কুমিল্লার কোর্টবাড়িতে।
- BARD প্রতিষ্ঠা লাভ করে ২৭ মে ১৯৫৯।
- বর্তমানে BARD-এর পৃষ্ঠপোষক- বাংলাদেশ সরকার।
- BARD-এর প্রধান কর্মকর্তার পদ- মহাপরিচালক।

পল্লী উন্নয়ন একাডেমী (RDA)

পল্লী উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠিত হয়- ১৯ জুন, ১৯৭৪।
পল্লী উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠিত- ৪৮.৫০ একর জমিতে।
পল্লী উন্নয়ন একাডেমী স্বশাসিত প্রতিষ্ঠান।
পল্লী উন্নয়ন একাডেমী LGRDC-র অধীন।
পল্লী উন্নয়ন একাডেমীর অবস্থান- শেরপুর, বগুড়া।
বগুড়া শহর থেকে পল্লী উন্নয়ন একাডেমীর দূরত্ব ১৬ কিমি দক্ষিণে।

ইনস্টিটিউট

উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট

- বাংলাদেশের প্রথম উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট অবস্থিত রাঙ্গামাটিতে। প্রতিষ্ঠিত হয়- ১৯৭৮ সালে।
- উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউটের প্রধান কর্মকর্তার পদবি পরিচালক।

নাম	অবস্থান
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট	রাঙ্গামাটি
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট	বান্দরবান
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট	খাগড়াছড়ি
রাখাইন সাংস্কৃতিক ইনস্টিটিউট	রামু, কক্সবাজার

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI)

- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠা লাভ করে ১৯৭৬ সালের ৪ আগস্ট।
- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর প্রধান কার্যালয় - গাজীপুর জেলার জয়দেবপুরে।
- BARI-এর অধীন শস্য গবেষণা কেন্দ্র রয়েছে- ৭টি।
- BARI-এর অধীন আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র ৭টি।

BARI-এর ৭টি গবেষণা কেন্দ্র	
নাম	অবস্থান
১. কন্দাল ফসল গবেষণা কেন্দ্র	জয়দেবপুর, গাজীপুর
২. উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র	জয়দেবপুর, গাজীপুর
৩. গম গবেষণা কেন্দ্র	নশিপুর, দিনাজপুর
৪. ডাল গবেষণা কেন্দ্র	ঈশ্বরদী, পাবনা
৫. তেলবীজ গবেষণা কেন্দ্র	জয়দেবপুর, গাজীপুর
৬. মসলা গবেষণা কেন্দ্র	শিবগঞ্জ, বগুড়া
৭. উদ্ভিদ কৌলি সম্পদ কেন্দ্র	জয়দেবপুর, গাজীপুর

ইনস্টিটিউট

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (IMLI)

- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের অবস্থান সেগুনবাগিচা, ঢাকা।
- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়-- ১৫ মার্চ ২০০১।
- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ছিলেন জাতিসংঘের সপ্তম মহাসচিব কফি আনান।
- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট উদ্বোধন করা হয় ২১ ফেব্রুয়ারি ২০১০।

জাতীয় মানবাধিকার কমিশন

- জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠিত হয়– ১ ডিসেম্বর ২০০৮।
- জাতীয় মানবাধিকার কমিশন বিল ২০০৯ জাতীয় সংসদে পাশ হয় ৯ জুলাই ২০০৯।
- জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ও সদস্য নিয়োগ দেন-- রাষ্ট্রপতি। এর বর্তমান চেয়ারম্যান নাছিমা বেগম।
- জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান বা সদস্যদের বয়সসীমা ন্যূনতম ৩৫ বছর, সর্বোচ্চ ৭০ বছর।

কমিশন

তথ্য কমিশন

- তথ্য কমিশন গঠিত ও কার্যকর হয় ১ জুলাই ২০০৯।
- তথ্য কমিশনের সদস্য সংখ্যা ৩ জন (১ জন চেয়ারম্যান ও ২ জন সদস্য)।
- তথ্য কমিশনের চেয়ারম্যান ও সদস্যদের নিয়োগ দেন রাষ্ট্রপতি।
- তথ্য কমিশনের বর্তমান প্রধান তথ্য কমিশনার মর্তুজা আহমদ।
- তথ্য কমিশনের চেয়ারম্যান এর পদমর্যাদা- সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতির সমান।

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (BAEC)

- বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন BAEC এর প্রতিষ্ঠা ২৭ ফেব্রুয়ারি, ১৯৭৩। এর সদর দপ্তর- আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের পূর্ব নাম- বাংলাদেশ আণবিক শক্তি কমিশন।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প অবস্থিত- পাবনার ঈশ্বরদীতে।
